



BCPS

# বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্

## Bangladesh College of Physicians & Surgeons

বিসিপিএস নং-৭৭৬/২০২৪/২৩২৫৯

তারিখ : ২৭-০৬-২০২৪ খ্রি.

### বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর বেসরকারি/অবৈতনিক প্রশিক্ষণার্থীদের কলেজ কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানসমূহে প্রতিটি ইউনিট/বিভাগে সর্বোচ্চ সংখ্যক প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণের সংখ্যা নির্ধারণ করা রয়েছে (বিসিপিএস-এর নীতিমালা অনুযায়ী প্রতি প্রশিক্ষকের জন্য নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণার্থী দেওয়া হবে। (দশ বেড এর একটি ইউনিটে প্রশিক্ষণার্থীর সংখ্যা হবে সর্বাধিক পাঁচ জন এবং একসঙ্গে এক বৎসরে এ সংখ্যা হবে সর্বাধিক ১৬ জন। দশ বেড এর অধিক একটি ইউনিটে প্রশিক্ষণার্থীর সংখ্যা সর্বাধিক আট জন এবং একসঙ্গে বৎসরে এ সংখ্যা হবে সর্বাধিক ২০ জন)। কিন্তু সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে যে, কলেজ কর্তৃক স্বীকৃত অনেক প্রতিষ্ঠান/বিভাগে এ নির্ধারিত প্রশিক্ষণার্থীর সংখ্যা অনুসরণ করা হচ্ছে না।

অতএব, যে সকল প্রতিষ্ঠান/বিভাগসমূহে অতিরিক্ত প্রশিক্ষণার্থী রয়েছে, সে সকল প্রতিষ্ঠানে জুলাই ২০২৪ থেকে ডিসেম্বর ২০২৪ এর স্টুটে নতুন কোন প্রশিক্ষণার্থী প্রবেশের সময় কলেজের নীতিমালা অনুসরণ করে প্রশিক্ষণার্থীর সংখ্যা সমন্বয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ইতোপূর্বে যোগদানকৃত প্রশিক্ষণার্থীগণ যাঁরা বিভিন্ন প্রতিষ্ঠান/বিভাগে প্রশিক্ষণরত আছেন এবং প্রশিক্ষণ বর্ধিতকরণের জন্য আবেদন করে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত হয়েছেন, তাঁরা এ নির্দেশনার আওতাধীন হবেন না।

এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

(অধ্যাপক আবুল বাশার মোঃ জামাল)

সচিব, বিসিপিএস।

বিতরণের জন্য/সদয় অবগতি/ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সভাপতি, বিসিপিএস।
২. জ্যেষ্ঠ সহ-সভাপতি এবং চেয়ারম্যান, পরীক্ষা কমিটি, বিসিপিএস।
৩. কোষাধ্যক্ষ, বিসিপিএস।
৪. অনারারি পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বিসিপিএস।
৫. অনারারি পরিচালক, আরটিএম বিভাগ, বিসিপিএস।
৬. অনারারি পরিচালক, স্কিল ডেভেলপমেন্ট বিভাগ, বিসিপিএস।
৭. অধ্যক্ষ, .....
৮. পরিচালক (হাসপাতাল), .....
৯. ....ট্রেনিং এক্রিডিটেশন, বিসিপিএস।
১০. পরিচালক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বিসিপিএস।
১১. উপ-পরিচালক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বিসিপিএস।
১২. উপ-প্রধান গ্রন্থাগারিক, গ্রন্থাগারিক বিভাগ, বিসিপিএস।
১৩. প্রিন্সিপাল রিসার্চ কর্মকর্তা, আরটিএম বিভাগ, বিসিপিএস।
১৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব বিভাগ, বিসিপিএস।
১৫. পিএ টু সেক্রেটারী, বিসিপিএস।
১৬. অফিস কপি।

পরিচালক (প্রশাসন)  
বিসিপিএস।